ভোরের কাগজ

3 1 DEC 1993

তারিখ 3 1 DEC 1993

পৃষ্ঠা ৩ কলাম ২

149

চট্টগ্রাম বিভাগে

# ১০৭৮টি নতুন বেসরকারি প্রাথমিক স্কুল নির্মিত হচ্ছে

পংকজ দস্তিদার : ২০০০ সালে সবার জন্য শিক্ষা কর্মসূচীর আওতায় চট্টগ্রাম বিভাগে ১০৭৮টি সম্পূর্ণ নতুন বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কাজ শুরু হয়েছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে ২৭৫ কোটি টাকা। এশীয় উন্নয়ন ব্যাংক প্রকল্পের অর্থ যোগান দিচ্ছে। প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে রয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। স্কুলগুলোতে দু' শিফটে ছয় থেকে ১০ বছরের চার লাখ ৭০ হাজার শিশু লেখাপড়া করতে পারবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, চট্টগ্রাম বিভাগীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় তিন মডেলে স্কুলগুলো নির্মিত হবে। এর মধ্যে চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় নির্মিত হবে ২৭টি স্কুল। প্রতিটি তিন তলা ভবনে নয়টি করে বড়ো কক্ষ থাকবে। একেকটি ভবনের নির্মাণ ব্যয় ধরা হয়েছে ৩০ লাখ টাকা। এগুলো হবে নগর স্কুল। এছাড়া বিভাগের অধীন ২২টি পৌরসভায় নির্মিত হবে ৭৫টি পৌর স্কুল। প্রতিটি ভবন হবে দ্বিতল, কক্ষ সাতটি। গ্রাম পর্যায়ে হবে ৯৭৬টি গ্রামীণ স্কুল। প্রতিটি একতলা ভবন, কক্ষ হবে চারটি। প্রত্যেক নগর স্কুলে দু' শিফটে মোট এক হাজার, পৌর স্কুলে দু' শিফটে সাত থেকে আটশ' এবং গ্রামীণ স্কুলে চারশ' ছাত্রছাত্রীর বসার ব্যবস্থা থাকবে।

চট্টগ্রাম নগরীর ২৭টি স্কুলের জন্য ৪২টি জায়গার প্রস্তাব পাওয়া গেছে। সিটি করপোরেশন এলাকায় জমি আছে এমন লোকেরা এসব প্রস্তাব দিয়েছেন।

সূত্র জানায়, প্রস্তাবিত জায়গাগুলো নির্বাচন করা হবে যেসব এলাকায় নগর সুবিধা অপেক্ষাকৃত কম এবং দুই কিলোমিটারের মধ্যে স্কুল নেই সেখানে, স্কুলগুলো পরিচালনার রূপরেখা হবে রেজিস্ট্রিকৃত বেসরকারি প্রাথমিক স্কুলের মতো। স্ব স্ব এলাকার শিক্ষানুরাগী ও বিত্তশালীদের দ্বারা গঠিত কমিটি স্কুল পরিচালনার দায়িত্বে থাকবে। শিক্ষা অধিদপ্তরের উপপরিচালকের মনোনীত একজন প্রতিনিধি থাকবেন। প্রত্যেক স্কুলে চারজন শিক্ষক নিয়োগ করা হবে।